

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ জানুয়ারি ২০২২ খ্রি.

চসিক দ্রাম্যমান আদালত পরিচালিত
গ্রাহকদের টিকা কার্ড না দেখে খাবার পরিবেশন করায়
বিভিন্ন রেস্টুরেন্টকে ৭ হাজার ৫শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ শুক্রবার সকালে নগরীর এম.এ আজিজ স্টেডিয়াম ও সি আর বি এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এর নেতৃত্বে এই অভিযানে কোভিড-১৯ করোনা ভাইরাস নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকারি স্বাস্থ্য বিধি মেনে না চলায় ও গ্রাহকদের টিকা সনদ না দেখে রেস্টুরেন্টে খাবার পরিবেশন করায় নগরীর বিনোদন কেন্দ্র সিআরবি এলাকার তাসফিয়া গার্ডেনকে ৩ হাজার, স্টেডিয়াম এলাকার প্রিয়ন্তীকে ২ হাজার, সাব-জিরোকে ২ হাজার ও এস্টেরিয়া রেস্টুরেন্টকে ৫ শত টাকাসহ মোট ৭ হাজার ৫ শত টাকা জরিমানা করা হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট এই সময় গ্রাহকদের টিকা সনদ নিশ্চিত করার জন্য রেস্টুরেন্ট মালিকদের নিদর্শনা প্রদান করেন এবং জনসাধারণকে স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে সচেতন করেন। দ্রাম্যমান আদালত পরিচালনাকালে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী ও মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩